

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক-৪ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


আজ ০৫ নভেম্বর, ২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক "এক্সপোর্ট কম্পিটিটিভনেস ফর জবস" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে ১০০.০০ (একশত) মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তার একটি চুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে বিশ্বব্যাংক ঢাকা অফিসের Mr. Qimiao Fan, Country Director ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

তৈরী পোষাক শিল্পের বাইরে রপ্তানি সম্ভাবনাময় (ক) চামড়া, চামড়াজাত পণ্য ও পাদুকা সামগ্রী, (খ) হালকা প্রকৌশল (ইলেকট্রনিক্স ও যন্ত্রপাতি) এবং (গ) প্লাস্টিক খাতের রপ্তানি বহুমুখীকরণসহ মানসম্মত এবং অধিক সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে রপ্তানি বাজারে প্রবেশ ও রপ্তানি সক্ষমতা বৃদ্ধির পথে যে সব সমস্যা রয়েছে তা দূরীকরণের উদ্দেশ্যে এ প্রকল্পটি ডিজাইন করা হয়েছে। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম নিম্নরূপঃ

১. নতুন বাজারে প্রবেশ সহায়তা কর্মসূচি (Market Access Support Program): এই কর্মসূচির লক্ষ্য হচ্ছে বাংলাদেশের শিল্প প্রতিষ্ঠানসমূহের আন্তর্জাতিক বাজারে প্রবেশ এবং বৈশ্বিক ভ্যালুচেইন (Global Value Chain) এর সাথে সম্পৃক্তকরণের (সেক্টরভিত্তিক পরিবেশ, সামাজিক এবং পণ্যের গুণগত মানের সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও মার্কেট ব্রান্ডিং ইত্যাদি) লক্ষ্যে সহায়তা প্রদান।
২. উৎপাদনশীলতা বৃদ্ধির কর্মসূচি (Productivity Enhancement Program): এই কর্মসূচির উল্লেখযোগ্য দিক হচ্ছে চারটি কর্যকর টেকনোলজি সেন্টার প্রতিষ্ঠা করা, যেগুলি আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের পণ্যের বাজার সৃষ্টিতে কারিগরি ও শ্রম-দক্ষতা সংশ্লিষ্ট মোন্ডমেকিং, অটোমেটেড কম্পিউটার নিউমেরিক্যাল কন্ট্রোল (সিএনসি) মেশিন, ডিজাইন ও প্যাটার্ন মেকিং, টেস্টিং ও ক্যালিব্রেশন ইত্যাদি প্রতিবন্ধকতাসমূহ দূর করবে।
৩. অবকাঠামোগত প্রতিবন্ধকতা দূর করার লক্ষ্যে সহায়তা (Public Investment Facility for Infrastructure Constraints): এই কর্মসূচির মূল লক্ষ্য হবে পূর্বে উল্লেখিত শিল্পসমূহের সুনির্দিষ্ট কিছু ক্ষেত্রে (সংযোগ সড়ক উন্নয়ন, কমন রি-সাইক্লিং ম্যানেজমেন্ট ফ্যাসিলিটি, কোন্ড স্টোরেজ, কমন সার্ভিসেস ফ্যাসিলিটি ইত্যাদি) অবকাঠামোগত উন্নয়নে অর্থায়ন করা।
৪. প্রকল্প বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন (Project Implementation, Monitoring and Evaluation): এর আওতায় প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকান্ডের জন্য অর্থায়ন করা হবে।

বিশ্বব্যাংককে ঋণের Disbursed Amount এর ওপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। Undisbursed Amount-এর ওপর ০.৫০% হারে Commitment Fee প্রদান করতে হয়। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Grace Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। প্রকল্পটি জুলাই-২০১৭ হতে জুন-২০২৩ মেয়াদে বাস্তবায়িত হবে।


(জাহিদ হোসেন মুন্শী)
উপ সচিব
ফোন-৯১৮০৬৮৮